গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর
অধ্যক্ষের কার্যালয়

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১৩৬.০৭.০০১.২৪/ ১০৯৯ তারিখঃ- ২১/০৯/২০২৪ খ্রি.

দরপত্র বিজ্ঞপ্তি

The Public Procurement Act-2006 & Rules 2008 এর (সংশোধিত-জানুয়ারী/২০২৪) আইন ও বিধি মোতাবেক বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর এর ২০২৪-২০২৫ খ্রি. অর্থ বছরের জন্য ছকে বর্ণিত লট ওয়ারী দরপত্রের মাধ্যমে মালামাল সরবরাহের লক্ষ্যে প্রকৃত ঠিকাদার/ব্যবসায়ী/সরবরাহকারীগণের নিকট হতে সীল মোহরকৃত খামে উন্মুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে ।

১	মন্ত্রণালয়/বিভাগের নাম	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়				
২	প্রতিষ্ঠানের নাম	বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর				
৩	দরপত্রের বর্ণনাঃ	লট নং- (১) পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী লট নং- (২) অন্যান্য মনিহারি লট নং- (৩) বইপত্র সাময়িকী (পুস্তক) লট নং- (৪) চিকিৎস্যা ও শৈল্য চিকিৎস্যা সরঞ্জামাদি লট নং- (৫) কম্পিউটার সামগ্রী লট নং- (৬) কম্পিউটার ও আনুসঙ্গিক লট নং- (৭) ক্রীড়া সামগ্রী				
৪	শর্তাবলী সম্বলিত প্রতি সেট দরপত্রের মূল্য দরপত্রের জামানত টাকার পরিমান এবং কাজের সময় সীমার পরিমান	লট নং	লট সমূহের বিবরণ	সিডিউলের মূল্য (অফেরত যোগ্য)	জামানত (ফেরত যোগ্য)	কাজের সময়সীমা
		লট-১	পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী	৭০০/-	সিডিউলে দাখিলকৃত মোট মূল্যের উপর ৩% টাকা।	৯০ দিন
		লট-২	অন্যান্য মনিহারি	৭০০/-	ঐ	৯০ দিন
		লট-৩	বইপত্র সাময়িকী (পুস্তক)	৭০০/-	ঐ	৯০ দিন
		লট-৪	চিকিৎস্যা ও শৈল্যচিকিৎস্যা সরঞ্জামাদি	৭০০/-	ঐ	৯০ দিন
		লট-৫	কম্পিউটার সামগ্রী	৭০০/-	ঐ	৯০ দিন
		লট-৬	কম্পিউটার আনুষঙ্গিক	৭০০/-	ঐ	৯০ দিন
		লট-৭	ক্রীড়া সামগ্রী	৭০০/-	ঐ	৯০ দিন
৫	দরপত্র বিজ্ঞপ্তি নম্বর ও তারিখ ঃ স্মারক নং- ৫৯.১৪.০০০০.১৩৬.০৭.০০১.২৪/১০৯৯ তারিখ ঃ- ২১/০৯/২০২৪ খ্রি.					
৬	অর্থ বরাদ্দের উৎস ঃ জি ও বি (রাজস্ব)					
৭	শর্তাবলী সম্বলিত প্রতিসেট দরপত্র সিডিউলের মূল্য ঃ প্রতি লট দরপত্র সিডিউল ক্রয়ের টাকা অন লাইন ট্রেজারী চালানের মাধ্যমে কোড নং- (১৪২২৩২৮) জমা পূর্বক চালানের মুলকপি অত্র কলেজের ক্যাশিয়ারের নিকট জমা দিয়ে সিডিউল নিতে হবে ।					
৮	আর্নেষ্ট মানি ঃ প্রতি সিডিউলের সহিত ঠিকাদার কর্তৃক দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, আর্নেস্ট মানি (জামানত) হিসাবে যে কোন সিডিউল ব্যাংক হতে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে দাখিল করতে হবে (ফেরত যোগ্য)।					
৯	দরপত্রের প্রকার ঃ উন্মুক্ত দরপত্র					
১০	দরপত্র সিডিউল বিক্রয় শুরুর তারিখ ও সময় ঃ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে প্রতিদিন অফিস চলাকালীন সময়ে বেলা ২-৩০ ঘটিকা পর্যন্ত সিডিউল বিক্রয় করা হবে। (ছুটির দিন ব্যতীত)।					
১১	দরপত্র সিডিউল বিক্রয় শেষের তারিখ ও সময় ঃ ০৫/১০/২০২৪ খ্রি. বেলা ২.৩০ মিনিট পর্যন্ত ।					
১২	দরপত্র সিডিউল জমা দেওয়ার তারিখ ও সময় ঃ ০৬/১০/২০২৪ খ্রি. বেলা ১২-০০ ঘটিকার মধ্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র সিডিউল দাখিল করতে হবে। বিলম্বে প্রাপ্ত দরপত্র গ্রহন করা হবে না।					
১৩	দরপত্র খোলার তারিখ ও সময় ঃ ০৬/১০/২০২৪ খ্রি. তারিখ বেলা ১২.৩০ ঘটিকায় ওপেনিং কমিটি কর্তৃক দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে ।					
১৪	দরপত্র সিডিউল বিক্রয়কারী ও জমাকারী অফিসের ঠিকানা ঃ অধ্যক্ষ, অধ্যক্ষের কার্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর ।					
১৫	দরপত্রের বিস্তারিত বিবরণ (শর্তাবলী) অত্র দপ্তরের ওয়েব সাইট নাম্বারে পাওয়া যাবেঃ-www.bsmmc.edu.bd					
১৬	ক্রয়কারী/সংস্থার নাম,পদবী ও ঠিকানা ঃ অধ্যাপক ডা. দিলরুবা জেবা, অধ্যক্ষ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর। ফোন নং- ০২৪৭৮৮০২৭৪৪					
১৭	দরদাতার যোগ্যতাঃ (ক) দরপত্রের সহিত সংশ্লিষ্ট কাজে যে কোন সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের ০৩ (তিন) বছরের কার্য সম্পাদনের সনদপত্র দাখিল করতে হবে। (খ) ট্রেড লাইসেন্স (২০২৪-২৫) অর্থ বছর, (গ) টিন নম্বর ও ইনকামট্যাক্স পরিশোধ সনদপত্র (২০২৪-২৫), (ঘ) ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্র, (ঙ) প্রতিষ্ঠান প্রধানের জাতীয় পরিচয় পত্রের (ঘওউ) ফটোকপি, (চ) সকল কাগজপত্র গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও তারিখ সহ সত্যায়িত হতে হবে। (ছ) ৩১/০৮/২০২৪ খ্রি. মাস পর্যন্ত স্থিতিসহ ব্যাংক স্টেটমেন্ট দাখিল করতে হবে।					

২১.৯.২৪

অধ্যাপক ডা. দিলরুবা জেবা
অধ্যক্ষ
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর।
e-mail: fmc@ac.dghs.gov.bd
মোবাঃ নং- ০১৭৬৯৯৫৭০৬৫

২২.০৯.২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ,ফরিদপুর
অধ্যক্ষের কার্যালয়

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১৩৬.০৭.০০১.২৪/১০৮৭ (১৪) তারিখঃ-২১ /০৯/২০২৪ খ্রি.।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে প্রেরীত হলো ঃ-

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর , মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ ঃ- সহকারী পরিচালক, (সমন্বয়)।
৪। জেলা প্রশাসক, ফরিদপুর।
৫। পুলিশ সুপার, ফরিদপুর।
৬। পরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ হাসপাতাল, ফরিদপুর।
৭। উপাধ্যক্ষ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর ।
৮। সিভিল সার্জন, ফরিদপুর ।
৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০। সচিবের একান্ত সচিব/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। জেলা তথ্য কর্মকর্তা, ফরিদপুর।
১২। প্রশাসনিক কর্মকর্তা, অত্র কলেজ।
১৩। নোটিশ বোর্ড, অত্র কলেজ।
১৪। অফিস নথি।

21.9.24

অধ্যাপক ডা. দিলরুবা জেবা
অধ্যক্ষ
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর।
e-mail: fmc@ac.dghs.gov.bd
মোবাঃ নং- ০১৭৬৯৯৫৭০৬৫

২১.০৯.২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর
অধ্যক্ষের কার্যালয়

দরপত্র দাখিলের শর্তাবলি

১। উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে পন্য ক্রয়ের আদর্শ দরপত্র দলিল (আভ্যন্তরিন ক্রয়) অনুসারে দরপত্র দাখিল করতে হবে।

২। দরদাতার দাখিলপত্র দরপত্রদাতা কর্তৃক প্রস্তুতকৃত এবং তাহার নাম - ঠিকানা উল্লেখিত প্যাডে প্রদান করতে হবে।

৩। খামের উপর গ্রুপের নাম লিখে নির্ধারিত দরপত্র সীলমোহরকৃত খামে ০৬/১০/২০২৪ খ্রি. তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। দরপত্র সরাসরি নির্ধারিত তারিখ দুপুর (১২-০০) টার মধ্যে অধ্যক্ষ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর এর অনুকূলে দাখিল করা যাবে। বিলম্বে প্রাপ্ত কোন দরপত্র গ্রহণ যোগ্য হবে না।

৪। দরপত্র খোলার তারিখ ও সময় ০৬/১০/২০২৪ খ্রি. দুপুর ১২.৩০ টা। স্থান-বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর এর ২য় তলায় ২১৯ নং কক্ষ।

৫। প্রতি লটের দরপত্র সিডিউলের মূল্য ৭০০/- (সাতশত) টাকা অফেরতযোগ্য। দরপত্রের সহিত দরপত্র জামানত স্বরুপ প্রতিটি লটের সিডিউলে সর্বমোট দাখিলকৃত দরের উপর ৩% পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট সরকার অনুমোদিত যে কোন তফশীলি ব্যাংক হতে অধ্যক্ষ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর এর অনুকূলে দাখিল করতে হবে (ফেরত যোগ্য)। কৃতকার্য দরদাতার জামানতের টাকা/পে-অর্ডার এক (০১) বৎসরের জন্য অত্র কার্যালয়ে জমা থাকবে। অকৃতকার্য দরদাতার দাখিলকৃত জামানতের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরত দেওয়া হবে।

৬। প্রতিটি লটে আলাদা ভাবে দরপত্রের সহিত (ক) সিডিউল ক্রয়ের রশিদ (খ) ট্রেড লাইসেন্স (২০২৪-২৫), (গ) টিন নম্বর ও ইনকাম ট্যাক্স পরিশোধিত সার্টিফিকেট (২০২৪-২০২৫), (ঘ) ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্র (ঙ) আদর্শ দরপত্র দলিল (আভ্যন্তরিন ক্রয়) এর অনুচ্ছেদ ৯.১ অনুসারে বাংলাদেশের যে কোনো তফসিলি ব্যাংকের ঋন অঙ্গীকারপত্র (পিজি ফরম ২-৫) এবং দরপত্র দাখিলের অনধিক ২৮ (আটাশ) দিন পূর্বে হইতে ব্যাংক কর্তৃক তরল সম্পদের প্রমান পত্র দাখিল করতে হবে, উভয়টি প্রতিটি লটের জন্য প্রস্তাবিত সরবরাহের প্রাক্কলিত মূল্যের ৮০-১০০ ভাগ হইবে, (চ) দরপত্রের সহিত সংশ্লিষ্ট কাজে যে কোন সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ক্রয়কারী কর্তৃক ০৩ (তিন) বছরের সংশ্লিষ্ট কাজের কার্যসম্পাদন সমাপ্তির সনদপত্র দাখিল করতে হবে, (ছ) দরপত্রদাতার ব্যাংক বা অন্য কোনো উৎস হইতে উহার নাম-ঠিকানা সংবলিত প্যাডে রেফারেন্স চাওয়ার অধিকারপত্র, (জ) দরপত্র দাখিলপত্রে (ফরম পিজি ২-১) যোগ্যতা ঘোষণা ফরম পূরণ করতে হবে, (ঝ) দরদাতার দাখিলকৃত সকল কাগজপত্র, জাতীয় পরিচয় পত্র ও নমুনা স্বাক্ষর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নাম ও তারিখ সহ (দাখিলের এক মাসের মধ্যে) সত্যায়িত করে দাখিল করতে হবে, (ঞ) কেমিক্যালস রিয়েজেন্ট এর ক্ষেত্রে প্রস্তুত কারক অথবা তার বৈধ পরিবেশক কর্তৃক দেওয়া সনদপত্র সংযুক্ত করতে হবে।

৭। লট (৩) বইপত্র সাময়িকী দরপত্রের সিডিউলে সংস্করণ উল্লেখ থাকলেও চলতি অর্থ বৎসরের মধ্যে পরবর্তী সংস্করণ প্রকাশিত হলেও উহাই সরবরাহ করতে হবে। ফটোকপি, ছেড়া বা নষ্ট কোন বইপত্র সাময়িকী (পুস্তক) গ্রহন করা হবে না, অরিজিনাল বই হওয়া আবশ্যক। যে সকল বইয়ের সিডি রয়েছে সে সকল বইয়ের সিডি ও সফট কপি বইয়ের সহিত সরবরাহ করতে হবে। কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের ভিতর চাহিদাকৃত মালামাল সরবরাহ করতে হবে।

৮। দরপত্র দলিলের সহিত পণ্য সমূহ ও সংশ্লিষ্ট সেবার মানের সামঞ্জস্য প্রমাণের জন্য দরপত্রদাতাকে দরপত্রের অংশ হিসেবে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে পন্য ক্রয়ের আদর্শ দরপত্র দলিল (আভ্যন্তরিন ক্রয়) এর অধ্যায়-৭ এ পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি বিনির্দেশ ও মানের সহিত সামঞ্জস্যের প্রামাণিক দলিলপত্র দাখিল করিতে হইবে।

৯। দরপত্রে অংশগ্রহণকৃত কোন কোম্পানী/প্রতিষ্ঠান যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক কালো তালিকাভুক্ত প্রমানিত হলে তাহার দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। দরপত্রের সহিত কতৃপক্ষ কর্তৃক (দরপত্র বিজ্ঞপ্তি মোতাবেক) চাহিত কাগজপত্র সিরিয়াল করে দাখিল করতে হবে, অতিরিক্ত কাগজপত্র দাখিল করা যাবে না। এর ব্যত্যয় হলে দরপত্র বাতিল বলে গন্য হবে।

১১। সকল গ্রুপের কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে চাহিদাকৃত মালামাল সরবরাহ করতে হবে।

১২। দরপত্রে আয়কর, ভ্যাট,ও অন্যান্য আনুসঙ্গিক খরচ সহ হিসাবের একক অনুযায়ী মোট চাহিদাকৃত মালামালের প্রতিটির দর উল্লেখ করতে হবে। মালামালের দর বাংলাদেশী মুদ্রায় অংকে ও কথায় লিখতে হবে। প্রতি গ্রুপের দরপত্র সিডিউলের প্রতি পাতায় ঠিকাদারর কর্তৃক স্বাক্ষরীত হতে হবে এবং যে দেশ এবং কোম্পানীর মালামাল সরবরাহ করতে ইচ্ছুক অবশ্যই সেই দেশ এবং কম্পানীর নাম উল্লেখ করতে হবে।

১৩। সিডিউলে প্রদত্ত স্পেসিফিকেশন এবং অন্যান্য বিবরণ পরিবর্তন করা যাবে না। কার্যাদেশে উল্লেখিত শর্তাবলী এবং সিডিউলে উল্লেখিত স্পেসিফিকেশন ও শর্তানুযায়ী মালামাল সরবরাহ করতে হবে।

১৪। (ক) দরপত্রের সকল ঘর যথাযথ ভাবে পুরণ করতে হবে। অসম্পূর্ণ দরপত্র, ঘসা-মাজা,ওভাররাইটিং ও দরদাতার স্বাক্ষর বিহীন দরপত্র গ্রহণ যোগ্য নহে। কর্তৃপক্ষ কর্তৃক চাহিত কাগজপত্রের অতিরিক্ত দাখিলকৃত কাগজপত্র গ্রহণ যোগ্য নহে।

(খ) লট ভিত্তিতে দরপত্র আহবান করা হইলে কোন লটের অধীন ৮০ শতাংশ আইটেমের কম আইটেমের জন্য দর উদ্ধৃত হলে ITT এর অনুচ্ছেদ ১৫.৬ এ বর্ণিত পদ্ধতি অনুযায়ী উল্লেখিত দর অগ্রহণযোগ্য বলিয়া গণ্য হবে।

১৫। শর্তাবলি মোতাবেক যে দরদাতার দাখিলকৃত কাগজপত্র সঠিক ভাবে পাওয়া যাবে এবং দরদাতার দাখিলকৃতদর প্রাক্কলিত দর অর্থাৎ বাজারদর এর সহিত সংগতিপূর্ণ ও আইটেম বাই আইটেম সর্বনিম্ন, তার দরপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১৬। কার্যাদেশ অনুযায়ী সরবরাহকৃত মালামাল ১ (এক) বৎসরের বিক্রয়োত্তর সেবা/ওয়ারেন্টি প্রদানের লিখিত নিশ্চয়তা প্রদান করতে হবে। (সরবরাহকারী কর্তৃক সরবরাহ সম্পাদন করিয়া সরবরাহ চালান দাখিল ও ক্রয়কারী কর্তৃক সরবরাহ চালান গ্রহণের দিন হতে ওয়ারেন্টির মেয়াদ শুরু হবে)।

১৭। সরবরাহকৃত, কেমিক্যালস রিয়েজেন্ট ও অন্যান্য মালামালের ব্যবহার মেয়াদ (প্রযোজ্য ক্ষেত্রে) সরবরাহের তারিখ হতে কমপক্ষে ০১ (এক) বছরের উর্দ্ধে থাকতে হবে।

১৮। টেন্ডার কমিটির সিদ্ধান্ত অনুযায়ী গৃহিত দরদাতার দরপত্রের সহিত দাখিলকৃত কাগজ পত্রের মূল কপি টেন্ডার কমিটিকে চাহিবামাত্র প্রদর্শন করতে হবে। কাগজপত্রের মূল কপি টেন্ডার কমিটিকে প্রদর্শনে ব্যর্থতায় তাহার দরপত্র বাতিল বলে গণ্য হবে। কমিটি মূল কপি সন্তোষজনক মনে করলে তার দরপত্র বৈধ বলে বিবেচিত হবে।

১৯। দরদাতাকে অবশ্যই সরকার অনুমোদিত প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী/ঠিকাদার/আমদানী কারক/ব্যবসায়ী প্রতিষ্ঠানের মালিক হতে হবে।

২য় পাতায় দেখুন

২০। সরবরাহ ও সম্পাদনের সময় তালিকায় নির্ধারিত তারিখের মধ্যে বা সম্পাদনের বর্ধিত সময়ের মধ্যে সরবরাহ সম্পন্ন করা হয় নাই বা উক্ত সময়ের পরে সরবরাহ করা হয়েছে এইরূপ পণ্য বা আংশিক পণ্যের চুক্তি মূল্যের উপর প্রতিদিন (১%) এক শতাংশের ০.১০ ভাগ হারে বিলম্বজনিত ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

এক্ষেত্রে নিম্নোক্ত সূত্র অনুসারে বিলম্ব জনিত ক্ষতিপুরনের পরিমান নির্ধারিত হইবে:

T = V x P x n

যেক্ষেত্রে,

ঞ = মোট বিলম্ব জনিত ক্ষতিপুরণ:

ঠ = সরবরহ সম্পাদনের তারিখ উত্তীর্ণ হইবার পর সরবরাহ ও সম্পাদনের বর্ধিত সময়ের পর সরবরাহকৃত পণ্য বা আংশিক পণ্যের চুক্তিমূল্য;

চ = বিলম্ব জনিত ক্ষতিপুরণের দিন-ভিত্তিক শতকরা হার;

হ = পণ্য সরবরাহ ও কার্য সম্পাদনের বিলম্বিত দিনের মোট সংখ্যা অথবা সরবরাহ ও সম্পাদনের তারিখ উত্তীর্ণ হইবার পর বা সরবরাহ ও সম্পাদনের সম্প্রসারিত সময়ের পর সরবরাহকৃত পণ্য বা আংশিক পণ্যের চুক্তিমূল্য।

২১। কৃতকার্য্য দরদাতাকে ঘঙএঙওঋওঈঅএঙওঘ ঙক অডঅজউ ইস্যু করার ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তি নামা স্বাক্ষর করিতে হবে। ষ্ট্যাম্পের মূল্য সরবরাহকারীকে বহণ করতে হবে।

২২। কৃতকার্য্য দরদাতাকে কার্য্য সম্পাদন জামানত (চবৎভড়ৎসধহপব ঝবপঁৎরঃু সড়হবু) হিসেবে সরকার অনুমোদিত তফশীলী ব্যাংক হতে কার্য্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১০% হিসাবে ব্যাংক ড্রাফ্‌ট/ পে-অর্ডার অধ্যক্ষ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর এর অনুকূলে দাখিল করতে হবে। সরবরাহকারীর জামানতের টাকা, মালামাল সন্তোষজনক ভাবে সরবরাহ করতঃ ১ (এক) বছর পর ফেরত দেওয়া হবে। জামানতের টাকার উপর কোন সুদ/মুনাফা প্রদান করা হবে না।

এই চুক্তির আওতায় সরবরাহকারীর সরবরাহ সম্পাদনের শেষ তারিখ এবংওয়ারেন্টি মেয়াদের পরবর্তী ২৮ (আটাশ) দিন পর্যন্ত কার্য সম্পাদন জামানতের বৈধতা থাকবে।

২৩। চাহিদাকৃত মালামাল গ্রহনের সময় কর্তৃপক্ষ/সার্ভে কমিটি প্রয়োজন বোধে সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠানের বিশেষজ্ঞ/এজেন্ট কর্তৃক পরীক্ষা করে মালামাল গ্রহণ করতে পারবেন। এই কমিটি ২৪ ঘন্টার মধ্যে পরিদর্শন ও গ্রহন সনদ প্রদানের প্রক্রিয়া শুরু করবেন ও যথাশীঘ্র গ্রহন সমাপ্ত করবেন।

২৪। সার্ভে কমিটি কর্তৃক কোন মালামাল গ্রহনে আপত্তি জানালে উক্ত মালামাল তাৎক্ষনিক ভাবে পরিবর্তন করে দিতে হবে। পরিবর্তিত মালামালের জন্য আলাদাভাবে কোন মূল্য দেওয়া হবে না।

২৫। কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট মালামালের সরবরাহ কার্য্য সম্পন্ন করে সার্ভে কমিটির নিকট বুঝায়ে দিতে হবে। সার্ভে কমিটির সন্তোষজনক রিপোর্টের ভিত্তিতে বিলের টাকা/চেক হস্তান্তর করা হবে।

২৬। কার্য্যাদেশ অনুযায়ী সংশ্লিষ্ট মালামাল সরবরাহকারীকে নিজ দায়িত্বে ও নিজ খরচে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজে পৌছায়ে দিতে হবে।

২৭। প্রতি লটে/প্যাকেজে বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে একাধিকবার চলতি অর্থ বছরে কার্যাদেশ প্রদান করা যাবে তবে বাজেট বরাদ্দের অতিরিক্ত মালামালের কার্যাদেশ দেওয়া যাবে না। বাজেট বরাদ্দ পাওয়া না গেলে কার্যাদেশ প্রদান করা যাবে না। এক্ষেত্রে ঠিকাদার কোন ক্ষতিপূরণ দাবী করতে বা আদালতের আশ্রয় গ্রহণ করিতে পারবেন না।

২৮। ঠিকাদার/সরবরাহকারী কর্তৃক পন্য সামগ্রীর দেশ/কোম্পানী/ব্রান্ডের নাম সিডিউলে উল্লেখ করে দাম লিখতে হবে। দরপত্র সিডিউলে দাম কোট করার পর কার্যাদেশ প্রাপ্ত হলে পরবর্তীতে উক্ত মালামাল বাজারে পাওয়া যায়না এমন বক্তব্য গ্রহণ যোগ্য হবে না।

২৯। (ক) যদি ক্রয়কারীর নিকট পরিলক্ষিত হয় যে, সরবরাহকারী দুর্নীতি, প্রতারনা, চক্রান্ত বা জবরদস্তিমূলক যে কোন ধরনের কার্যে জড়িত, তথা হইলে ক্রয়কারী উক্ত সরবরাহকারীকে সংশ্লিষ্ট কোন কার্যক্রমে অংশগ্রহন করা হতে বিরত রাখবে

অথবা (খ) ক্রয়কারী উহার নিজস্ব বিবেচনায়, উক্ত সরবরাহকারীকে ভবিষ্যতে অন্য কোন কার্যক্রমে কোন নির্দিষ্ট মেয়াদ বা অনির্দিষ্ট মেয়াদের জন্য অংশগ্রহনের অযোগ্য বলে বিবেচিত হবে।

৩০। চুক্তির অংশ হিসেবে গণ্য দলিলপত্র এবং দলিলপত্রের অগ্রগণ্যতার ক্রম: চুক্তির অংশ হিসেবে গণ্য দলিলপত্রের অগ্রগণ্যতার ক্রম হবে নিম্নরুপ,যথা: (ক) স্বাক্ষরিত চুক্তিপত্র; (খ) চুক্তি সম্পাদন নোটিশ ; (গ) পূরণকৃত দরপত্র; (ঘ) চুক্তির বিশেষ শর্তাদি ; (ঙ) চুক্তির সাধারণ শর্তাদি; (চ) কারিগরি বিনির্দেশ;

(ছ) আবশ্যকীয় পণ্যের মূল্য তফসিল ও সরবরাহ সংবলিত বিবরণ; এবং (জ) প্রযোজ্য অন্যান্য দলিল ।

৩১। দায়দায়িত্ব হস্তান্তর : সরবরাহকারী চুক্তির অধীন তার অধিকার বা বাধ্যবাধকতা সম্পূর্ণ বা আংশিক ভাবে হস্তান্তর করতে পারবে না ।

৩২। কার্য-সম্পাদন জামানতঃ সরবরাহকারী কর্তৃক চুক্তির অধীন কোনো শর্ত পূরণে ব্যর্থতার কারণে ক্রয়কারী ক্ষতিগ্রস্থ হলে,তাহার ক্ষতিপূরণ বাবদ কার্য সম্পাদন জামানত হিসেবে জমা দেওয়া অর্থ ক্রয়কারীকে পরিশোধযোগ্য হবে । এই চুক্তির অধীন ক্রয়কারীর প্রাপ্য অর্থ ব্যতীত ক্রয়কারী জামানত বাবদ অর্থ হতে কোন কিছু দাবি করবে না ।

৩৩। বিলম্ব পণ্য সরবরাহ এবং সময়সীমা সম্প্রসারণ : (ক) সরবরাহকারীকে সরবরাহ ও সম্পাদনের সময় তালিকায় উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে ।

(খ) ক্রয়কারী যুক্তিসংগত গ্রহণযোগ্য কারণে সরবরাহ ও সম্পাদনের সময় তালিকায় নির্ধারিত সময়সীমা ২০ (বিশ) শতাংশ বৃদ্ধি করতে পারবে । যদি সরবরাহ ও সম্পাদনের সময় তালিকায় নির্ধারিত সময়সীমা ২০ (বিশ) শতাংশের অধিক সম্প্রসারণ করবার প্রয়োজন হয়, তাহলে ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তার অনুমোদন গ্রহণ করতে হবে ।

৩৪। বিলম্ব জনিত ক্ষতিপূরণঃ যদি সরবরাহকারী সরবরাহ ও সম্পাদনের সময় তালিকায় উল্লিখিত নির্ধারিত সময়সীমার মধ্যে বা বর্ধিত সময়সীমার মধ্যে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে ব্যর্থ হয়, তাহলে ক্রয়কারী চুক্তিমূল্য হতে প্রতিদিন বিলম্বের জন্য পাবলিক প্রকিউরমেন্ট কন্ট্রাক্ট কমিটি (চঈঈ) এর নির্দেশনা অনুসারে অসরবরাহকৃত পণ্যের মূল্যের শতকরা হারে বিলম্বজনিত ক্ষতিপূরণ কর্তন করবে । ক্ষতিপূরণের মোট পরিমাণ পাবলিক

প্রকিউরমেন্ট কন্ট্রাক্ট কমিটিতে (চইঈ) নির্ধারিত মূল্যের অধিক হবে না । ক্রয়কারী সরবরাহকারীর প্রাপ্য অর্থ হতে কর্তন করে এই বিলম্ব জনিত ক্ষতিপূরণ আদায় করতে পারবে। ক্ষতিপূরণ প্রদানের কারণে ঠিকাদার তার দায়-দায়িত্ব হতে অব্যাহতি পাবে না।

৩৫। চুক্তি বাতিল: চুক্তিভঙ্গের জন্য অন্য কোনো প্রতিকারকে ক্ষুন্ন না করে,ক্রয়কারী সরবরাহকারীকে ২৮ (আটাশ) দিনের লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে সম্পূর্ণ বা আংশিক চুক্তি বাতিল করতে পারবে, যদি সরবরাহকারী:

(ক) চুক্তি মেয়াদের মধ্যে বা উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে পণ্য ক্রয়ের জন্য আদর্শ দরপত্র দলিল (আভ্যন্তরীন ক্রয়) (এঈঈ) এর অনুচ্ছেদ ১৪.২ এর আলোকে ক্রয়কারী কর্তৃক সম্প্রসারিত সময়ের মধ্যে আংশিক বা সম্পূর্ণ পণ্য সরবরাহে ব্যর্থ হয়; অথবা

(খ) চুক্তির অন্য কোনো বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হয়; অথবা

(গ) উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে পণ্য ক্রয়ের জন্য আদর্শ দরপত্র দলিল (আভ্যন্তরীন ক্রয়) (এঈঈ) এর অনুচ্ছেদ ২ এর সংজ্ঞা অনুসারে চুক্তির জন্য প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে বা চুক্তি বাস্তবায়নে ক্রয়কারীর বিবেচনায় কোনো দুর্নীতি,প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কার্যে লিপ্ত হয়ে থাকে ; অথবা

(ঘ) যদি বিলম্বজনিত ক্ষতিপূরণের মোট পরিমাণ উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে পণ্য ক্রয়ের জন্য আদর্শ দরপত্র দলিল (আভ্যন্তরীন ক্রয়) (এঈঈ) এর অনুচ্ছেদ ১৫ এ উল্লিখিত ক্ষতিপূরণের সর্বোচ্চ পরিমাণের হয়।

৩৬। মতবিরোধ নিষ্পত্তি: আপস নিষ্পত্তি: চুক্তি এবং উহার ব্যাখ্যার ক্ষেত্রে উদ্ভূত যেকোনো মতবিরোধ সমঝোতার মাধ্যমে আপস নিষ্পত্তির জন্য ক্রয়কারী ও ঠিকাদার উভয়েই সর্বোচ্চ প্রচেষ্টা করবে ।

৩৭। সালিশ : (ক) উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে পণ্য ক্রয়ের জন্য আদর্শ দরপত্র দলিল (আভ্যন্তরীন ক্রয়) (এঈঈ) এর অনুচ্ছেদ ১৮.১ অনুসারে উভয় পক্ষ কর্তৃক মতবিরোধের বিষয়ে প্রথম লিখিত যোগাযোগের তারিখের ২৮(আটাশ) দিনের মধ্যে সমঝোতায় উপনীত হতে ব্যর্থ হলে পরবর্তী ২৮ (আটাশ) দিনের মধ্যে যেকোনো পক্ষ উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে পণ্য ক্রয়ের জন্য আদর্শ দরপত্র দলিল (আভ্যন্তরীন ক্রয়) (এঈঈ) এর অনুচ্ছেদ ১৮.২ (খ) অনুসারে সালিশ আরম্ভ করবার ইচ্ছা প্রকাশ করে লিখিত নোটিশ প্রেরণ করবে ;

(খ) পাবলিক প্রকিউরমেন্ট কন্ট্রাক্ট কমিটি (চইঈ) উল্লিখিত স্থানে এবং আপাতত বলবৎ বাংলাদেশের সালিশ আইন (২০০১ সনের ১ নং আইন) অনুসারে সালিশ অনুষ্ঠিত হবে ।

৩৮। টেন্ডার কমিটি/কর্তৃপক্ষ কোন কারণ ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করতে পারেন এবং দরপত্রে উল্লেখিত সকল/যে কোন মালামাল ক্রয় না করার ক্ষমতা সংরক্ষণ করেন। দরপত্র সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষ/টেন্ডার কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৩৯। সকল ক্রয় প্রক্রিয়া পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও বিধিমালা - ২০০৮ অনুযায়ী সম্পাদিত হবে।

21.9.24

(অধ্যাপক ডা. দিলরুবা জেবা)
অধ্যক্ষ
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর।
e-mail: fmc@ac.dghs.gov.bd
মোবাঃ নং- ০১৭৬৯৯৫৭০৬৫
২১.০৯.২৪

অঙ্গীকার নামাঃ- আমি/আমরা নিম্ন স্বাক্ষরকারী দরদাতা/দরদাতাগণ এই মর্মে অঙ্গীকার করছি যে, যথাযথ ভাবে দরপত্র বিজ্ঞপ্তি ও দরপত্র সিডিউলে বর্ণিত শর্ত সমূহ জেনেছি, বুজেছি ও পুংখানু পুংখরুপে মেনে চলবো এবং অধ্যক্ষ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ, ফরিদপুর কর্তৃক প্রদত্ত কার্যাদেশ অনুযায়ী মালামাল সরবরাহে সম্মতি জ্ঞাপন করে নিজ খরচে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্টাম্পে চুক্তি বদ্ধ হতে বাধ্য থাকব।